



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-০৬/২০১৫/১৩৪৩৯

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রি.

অফিস আদেশ

পলাশবাড়ী সিনিয়র ফাজিল মাদ্রাসা, ডাকঘর: পলাশবাড়ী, উপজেলা: পলাশবাড়ী, জেলা: গাইবান্ধা-এর ফাজিল স্নাতক (পাস) স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২২.০৬.২০২৩খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) স্তরের নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ০২.০৭.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলার লক্ষ্যে আরবি ও ইংরেজি ক্লাসের সময় সংশ্লিষ্ট ভাষায় লেকচার প্রদান করতে হবে।
৩. শিক্ষক ছুটি রেজিস্ট্রার তৈরি করে সকল শিক্ষকদের ছুটির অনুমোদন নিয়ে সংরক্ষণ করতে হবে।
৪. কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ ও রিপোর্ট সংরক্ষণ করতে হবে।
৫. মাদ্রাসার অফিস সহকারীকে আরো দাপ্তরিক কাজে জন্য তৎপর হতে হবে।
৬. ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডি'র অনুমোদন নিতে হবে। প্রতিষ্ঠানের হিসাব কার্য পরিচালনা ও বিল ভাউচারগুলো সংরক্ষণে আরো স্বচ্ছ, দক্ষ ও আন্তরিক হতে হবে।
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

(Signature) 19.11.23
(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদ্রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

পলাশবাড়ী সিনিয়র ফাজিল মাদ্রাসা

ডাকঘর: পলাশবাড়ী, উপজেলা: পলাশবাড়ী, জেলা: গাইবান্ধা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-০৬/২০১৫/১৩৪৩৯

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, পলাশবাড়ী সিনিয়র ফাজিল মাদ্রাসা, ডাকঘর: পলাশবাড়ী, উপজেলা: পলাশবাড়ী, জেলা: গাইবান্ধা।
- ৮। অফিস নথি।

(Signature) 20.11.23
(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার
মাদ্রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪